গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালুখালী, রাজবাড়ী।
www.kalukhali .rajbari.gov.bd

কালুখালী উপজেলার নভেম্বর /২০২১ মাসের আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ ইসমাইল হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
কালুখালী, রাজবাড়ী।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
কালুখালী, রাজবাড়ী।

তারিখ ঃ ৩০.১১.২০২১ খ্রিস্টাব্দ। সময় ঃ বেলা ১০.৩০ ঘটিকা

সভায় উপজেলা আইন-শৃংখলা কমিটির উপদেষ্টা জনাব মোঃ আলিউজ্জামান চৌধুরী(টিটো), চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালুখালী উপস্থিত ছিলেন। অন্যান্য উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সভাপতি গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আইন-শৃঙ্খলা বিষয়ে বক্তব্য প্রদানের জন্য সকলের প্রতি আহবান জানান।
চেয়ারম্যান, মদাপুর ইউনিয়ন পরিষদ, কালুখালী জানান যে, বর্তমানে মৌরাট ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। তবে কিছু কিছু স্থানে মাঝে মধ্যে গরু চুরি ও ছিনতাই হচ্ছে। গরু চুরি ও ছিনতাই বন্ধে এলাকায় পুলিশ টহল জোরদার করার জন্য আইন- শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি অনুরোধ জানান। চেয়ারম্যান, মৃগী ইউনিয়ন পরিষদ, কালুখালী জানান যে, বর্তমানে সাওরাইল ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। চেয়ারম্যান, কালিকাপুরা ইউনিয়ন পরিষদ, কালুখালী জানান যে, বর্তমানে কালিকাপুর ইউনিয়নের আইন-শৃঙ্খলা স্বাভাবিক রয়েছে। তবে কোন কোন সময় কিছু যুবক অস্ত্রশস্ত্র নিয়ে ঘুরে বেড়ায় মর্মে জানা যায়। তিনি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

চেয়ারম্যান, বোয়ালিযা ইউনিয়ন পরিষদ, কালুখালী জানান যে, বোয়ালিয়া ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক । স্বাভাবিক অবস্থা বজায় রাখার জন্য তিনি আইন- শৃঙ্খলা রক্ষাকারী বহিনীসহ সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। চেয়ারম্যান,রতনদিয়া ইউনিয়ন পরিষদ, কালুখালী জানান যে, শরিষা, কলিমহর এবং কসবামাজাইল ইউনিয়নে কিছু তরুন যুবক দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে বিভিন্ন সময়ে ঘুরে রেড়াচ্ছে এ ব্যাপারে তিনি আইন- শৃঙ্খলা রক্ষাকারী বহিনীসহ সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার জন্য অনুরোধ জানান। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, জানান যে, কালুখালী উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক অবস্থায় রয়েছে। তিনি এই স্বাভাবিক অবস্থা ধরে রাখতে আইন- শৃঙ্খলা রক্ষাকারী বহিনীসহ সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, জনাব মোছা:ডলি পারভিন জানান যে, পাংশা উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক অবস্থায় রয়েছে। কোন কোন জায়গায় কিছু কিছু অসুবিধা আছে। এ ব্যাপারে তিনি আইন- শৃঙ্খলা রক্ষাকারী বহিনীসহ সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার জন্য অনুরোধ জানান।
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির উপদেষ্টা জনাব মোঃ আলিউজ্জামান চৌধুরী(টিটো), জানান যে, আমাদের কারুখালী উপজেলায় মাজপাড়, মদাপুর এবং কালিকাপুর ইউনিয়নে কিছু তরুন যুবক দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে বিভিন্ন সময়ে ঘুরে রেড়াচ্ছে, কোন কোন স্থানে গরু চুরি হচ্ছে। এ ব্যাপারে তিনি আইন- শৃঙ্খলা রক্ষাকারী বহিনীসহ সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার জন্য অনুরোধ জানান । তিনি সাওরাইল, মদাপুর এবং রতনদিয়া ইউনিয়নসহ যে সব স্থানে আইন-শৃঙ্খলা অবনতি হওয়ার সম্ভাবনা রয়েছে সেসব এলাকায় পুলিশ টহল জোরদার করার জন্য অফিসার-ইন-চার্জ, কালুখালী থানাকে অনুরোধ করেন। এস আই, কালুখালী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে অলোচনা করে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখার জন্য র্সবোচ্চ ব্যবস্থা গ্রহণ করা হবে এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন আমরা সবাই যদি যার যার অবস্থান থেকে চেষ্টা

করি  তাহলে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখা সহজ হবে । সভাপতি জানান যে, অবস্থানগতভাবে কালুখালী একটি আইন-শৃঙ্খলা বিঘ্ন ঘটানোর সম্ভাবনাময় এলাকা। কারণ কালুখালী উত্তর দিকে পদ্মা নদী বেষ্টিত পাবনা জেলা । পশ্চিমে কুষ্টিয়া জেলা এবং দক্ষিনে গড়াই নদী বেষ্টিত মাগুড়া ও ঝিনাইদহ জেলা অবস্থিত । এলাকায় মাদক সেবন, ব্যবসায়ী ও বিক্রয়কারীর সংখ্যা যেন নির্মূল করা যায় এবিষয়ে যার যার অবস্থান থেকে সচেষ্ট *থাকতে হবে।* বাল্যবিবাহ একটি সামাজিক ব্যাধি। সবাই এক সাথে কাজ করলে বাল্য বিবাহ বন্ধ করা যাবে। ইভটিজিং নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে। কালিকাপুর , বোয়ালিয়া এবং রতনদিয়া  ইউনিয়নসহ আইন-শৃঙ্খলা বিঘ্ন ঘটানোর সম্ভাবনাময় এলাকায় পুলিশ টহল জোরদার করার জন্য অফিসার-ইন-চার্জ, পাংশা থানাকে অনুরোধ করা হলো। সিদ্ধান্তসমূহ ঃ ক)  এলাকায় কোন মাদক বিক্রেতাকে দেখা গেলে তাদের বিষয়ে থানাকে তাৎক্ষনিকভাবে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হলো। খ)কালুখালী উপজেলার কালিকাপুর , বোয়ালিয়া এবং রতনদিয়া ইউনিয়নসহ সন্ত্রাস কবলিত এলাকায় পুলিশ টহল জোরদার করার জন্য অফিসার-ইন-চার্জ, কালুখালী থানাকে অনুরোধ করা হলো। গ) সন্ত্রাসীরা এলাকায় প্রবেশের সাথে সাথে পুলিশকে অবহিত করার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। ঘ)বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন, জঙ্গীবাদী কার্যক্রম, মাদক বিক্রয় ও সেবনকারীদের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ তৈরীর লক্ষ্যে পৌরসভা ও ইউনিয়ন পরিষদসমূহে আইন-শৃঙ্খলা কমিটির সভা প্রত্যেক মাসে নিয়মিতভাবে আয়োজন এবং উক্ত সভার কার্যবিবরণী জেলা প্রশাসক, রাজবাড়ী ও অত্র দপ্তরের প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইসমাইল হোসেন )
উপজেলা নির্বাহী অফিসার
কালুখালী,রাজবাড়ী।
মোবাঃ নং-
০১৭৩৩৩৩৩৬৪০৫
Email:unokalukhali@mopa.gov.bd

স্মারক নং ০৫.৩০.৮২৭২.০০২.১০.১০০.১৮- ৬৪৪ (৫০)  তারিখঃ- ৩০/১১/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২।
২। জেলা প্রশাসক, রাজবাড়ী।
৩। পুলিশ সুপার, রাজবাড়ী।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালুখালী, রাজবাড়ী ।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।

অবগতি ও কার্যার্থেঃ

১। চেয়ারম্যান,..............................................ইউনিয়ন পরিষদ, কালুখালী া, রাজবাড়ী।
২। উপজেলা ......................................................... অফিসার, কালুখালী,রাজবাড়ী।
৩। জনাব ........................................................................................ ।

উপজেলা নির্বাহীঅফিসার
কালুখালী রাজবাড়ী।